ভোরের কাগজ

তারিখ 18 FEB ১৯৯৪
পৃষ্ঠা ১২ কলাম ৬

# রাজশাহী সরকারি কলেজে ছাত্রসমাজ—ছাত্রমৈত্রী সংঘর্ষে আহত ১০

**রাজশাহী প্রতিনিধি :** রাজশাহী সরকারি কলেজে জাতীয় ছাত্রসমাজ ও ছাত্রমৈত্রী কর্মীদের মধ্যে গতকাল মঙ্গলবার সকালে আধ ঘন্টাব্যাপী সংঘর্ষে অন্তত ১০ জন আহত হয়েছে। আহতদের মধ্যে ২ জনকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এদের মধ্যে জাতীয় ছাত্রসমাজ নেতা ডেভিডের অবস্থা আশঙ্কাজনক।

প্রত্যক্ষদর্শীরা জানায়, বেলা ১১টার দিকে ছাত্রসমাজের মিছিলে ছাত্রমৈত্রী কর্মীরা হামলা চালালে এই দু'সংগঠনের কর্মীদের মধ্যে সংঘর্ষ বেধে যায়। এ সময় ব্যাপক বোমাবাজী ছাড়াও অন্তত ৮ রাউন্ড গুলিবর্ষণের ঘটনা ঘটে। সংঘর্ষের এক পর্যায়ে ছাত্রসমাজ কর্মীরা ছাত্রমৈত্রীর 'টেন্ট' ভাঙচুর করে এবং তাদের ব্যানারে অগ্নিসংযোগ করে। সংঘর্ষ থামাতে গিয়ে বিপ্লব নামে ছাত্রদলের এক নেতাও আহত হন। বেলা সাড়ে ১১টার দিকে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

পুলিশ জানায়, দু'সংগঠনের মধ্যে গত রোববার সংঘটিত এক সংঘর্ষের জের ধরে গতকালের সংঘর্ষ বাধে। সন্ত্রাসের প্রতিবাদে দুপুরে রাজশাহী কলেজ চত্বরে ছাত্রলীগ ও ছাত্রদল পৃথক পৃথকভাবে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে।